

ধূম্রসংকেত যন্ত্র জীবন রক্ষা করে!

আপনার বাড়ির প্রত্যেক তলায় একটি করে যন্ত্র লাগান এবং নিয়মিত ব্যাটারিগুলি পরীক্ষা করুন



যদি আগুন লাগে...

বাড়ির বাইরে বেরিয়ে আসুন
বাইরেই থাকুন

999

নম্বরে যোগাযোগ করুন

- নিজেকে এবং আপনার পরিবারকে বাঁচানোর সব থেকে ভাল উপায় হল ধূম্রসংকেত যন্ত্র কেনা। ধূম্রসংকেত যন্ত্র £5 দামেও পাওয়া যায় এবং আপনি এগুলি সুপারমার্কেট অথবা বড় রাস্তার দোকানগুলি থেকে কিনতে পারবেন।



মনে রাখবেন -- প্রতি তিনদিন অন্তর কেউ না কেউ সিগারেট থেকে লাগা আগুনে মারা যান।



আরও চৌকশ হোন!

যে তথ্য আপনার জীবন বাঁচাতে পারে।

যন্ত্রপাতি কাছে রাখুন!

যন্ত্রপাতি কাছে রাখুন!

আপনার নিরাপত্তার জন্ত লগ্নী করুন।

পরিকল্পনা তৈরি করুন। প্রস্তুত থাকুন।

এটি 'আরও চৌকশ হোন! যন্ত্রপাতি কাছে রাখুন! বেরিয়ে আসুন!' ক্রমপর্মাণের একটি প্রচারপত্র যা আপনার স্থানীয় অগ্নি এবং সুরক্ষা পরিষেবার কাছ থেকে যে অগ্নি নিরাপত্তা যন্ত্রপাতিগুলি পাওয়া যায় সেগুলি সম্পর্কে জানাবে। এই পর্যায়ের অন্যান্য প্রচারপত্রগুলিতে অগ্নি নিরাপত্তা যন্ত্রপাতি, বাবা-মা এবং শিশুদের জন্ত অগ্নি সুরক্ষা এবং যাঁদের চোখে দেখার সমস্যা আছে অথবা চলাকার সমস্যা আছে তাঁদের জন্ত অতিরিক্ত তথ্য দেওয়া হয়েছে।

এগুলি অনুদিত অবস্থায় অথবা বিকল্প ফরম্যাটেও পাওয়া যাবে।

Published by the Office of the Deputy Prime Minister.
©Crown copyright 2004. Printed in the UK, January 2004,
on material containing 75% post-consumer waste and
25% ECF pulp (03DOCF01123)
Product code: Fire smoking 04be



আরও তথ্যের জন্ত আমাদের ওয়েবসাইট দেখুন: www.firekills.gov

Bengali

সিগারেট থেকে আগুন লাগা

সিগারেট থেকে আগুন লাগা



সিগারেট সংক্রান্ত নিরাপত্তা -- অবশ্য প্রয়োজনীয় বিষয়গুলি


অন্য যে কোনো একটি কারণে লাগা আগুনের তুলনায় অনেক বেশি সংখ্যক ব্যক্তি সিগারেট থেকে লাগা আগুনে পুড়ে মারা যান। যেহেতু তামাক এমনভাবে তৈরি করা হয় যাতে সেটি জ্বলতেই থাকে তাই সিগারেটের আগুন খুব সহজেই দুর্ঘটনা ঘটতে পারে।

আপনার বাড়ি এবং পরিবারকে আগুনের থেকে সুরক্ষিত রাখুন।

সাধারণ বুদ্ধি কাজে লাগান -- ঝুঁকিগুলিকে জানুন এবং আপনি কখন সিগারেটের আগুন নেভাচ্ছেন সে সম্পর্কে নিশ্চিত হোন, ভাল করে দেখুন সত্যিই আগুন নিভেছে কি না!

সিগারেট সংক্রান্ত নিরাপত্তা

যখন আপনি সিগারেট নেভাচ্ছেন তখন নিশ্চিত করুন যাতে সেটি সম্পূর্ণ নিভে যায়।



- নিদ্রালু অবস্থায়, প্রেসক্রিপশনের ওষুধ খাওয়া অবস্থায় অথবা মদ্যপান করা অবস্থায় ধূমপান করলে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন। এই সব সময়ে যুমিয়ে পড়া খুব সহজ এবং হয়ত আপনি খেয়াল করবেন না যে সিগারেটটি তখনও জ্বলছে।
- যদি আপনার শোওয়ার প্রয়োজন হয় তাহলে সিগারেট ধরাবেন না। যদিও যুমিয়ে পড়া এবং বিছানায় আগুন ধরে যাওয়ার সম্ভাবনা থাকে, তাহলেও অনেকে ধূমপান করেন।

- অনেকেই মদ্যপান করার সময় ধূমপান করতে পছন্দ করেন। কিন্তু যখন কেউ কয়েক পেয়লা মদ্যপান করেছেন তখন তিনি সিগারেট হাতে নিয়েই জ্ঞান হারাতে পারেন। এর ফল? শরীর ভীষণভাবে পুড়ে যেতে পারে, পোড়ার দাগ স্থায়ীভাবে থেকে যেতে পারে, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।



সিগারেট আপনি যা ভাবছেন তার থেকেও গরম হতে পারে -- সিগারেট 700° সেন্টিগ্রেডের বেশি উত্তাপের সৃষ্টি করতে পারে।

- একটি জ্বলন্ত সিগারেট, সিগার অথবা পাইপ যেখানে সেখানে ফেলে রাখবেন না। এগুলি সহজেই পুড়তে পুড়তে উল্টে যেতে পারে, কার্পেট অথবা খবরের কাগজের ওপর গিয়ে পড়তে পারে এবং আগুন ধরে যেতে পারে।



- দায়িত্ব নিন এবং লাইটার ও দেশলাই শিশুর নাগালের বাইরে রাখুন।
- প্রত্যেক বছর শিশুরা সিগারেট বা লাইটার থেকে আগুন ধরিয়ে পুড়ে মারা যায়।



- শিশু-প্রতিরোধকম লাইটার এবং দেশলাই বাস্তব কেনার কথা বিবেচনা করুন। এখন দেশলাইয়ের লেবেলে এই সতর্কবার্তা লেখা থাকে।



- একটি উপযুক্ত ছাইদান ব্যবহার করুন। নিশ্চিত করুন যাতে ছাইদানটি ভারি হয়, সহজে যাতে সেটিকে উল্টে ফেলা না যায় এবং সেটি এমন একটি জিনিস দিয়ে তৈরি হয় যা পুড়বে না।

- কখনও বাতিল কাগজ ফেলার বাস্তব ছাই ফেলবেন না - শুধুমাত্র ছাইদানেই তা ফেলবেন। নিশ্চিত করুন যাতে ছাইদানটি সহজেই উল্টে না যায় এবং সেখানে অনেক ছাই জমা হতে দেবেন না।

বাস্তব জীবন -- ধূমপান না করে থাকতে পারছেন না?



নিকের বয়স 21 বছর, সে বিশ্ববিদ্যালয়ে তার শেষ বছর উপভোগ করছে। 2001 এর ক্রিসমাসের ঠিক আগেই সে বাইরে রাত কাটিয়ে বাড়িতে ফিরে সোফায় যুমিয়ে পড়ে। সে খেয়াল করেনি যে তার সিগারেটের ডগাটি তখনও জ্বলছে। সোফা পুড়তে শুরু করে এবং ঘর ধোঁয়ায় ভরে যায়। নিক্ গরমে জেগে ওঠে কিন্তু বিযাক্ত ধোঁয়ায় সে জ্ঞান হারায়। বাড়িতে কোনও ধূম্রসংকেত যন্ত্র লাগানো ছিল না এবং পরদিন সকাল পর্যন্ত কেউ ঘটনাটি জানতে পারেন নি। আগুন অল্পই লেগেছিল, কিন্তু সেটা 21 বছরের নিকের মৃত্যুর পক্ষে যথেষ্ট ছিল।